Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

মুজিব

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.৩১.০০১.২০২২-১৪০ তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯ / ১৪ মার্চ ২০২৩

বিষয়: অভ্যন্তরীন নৌপরিবহন কর্তৃপক্ষ এর অনুকুলে থাকা ৭টি ফেরিঘাট হতে ইজারার অংশ প্রদানের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভা আহবান।

সূত্র: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পত্র সংখ্যাঃ ৪৬.১৬.৬৭০০.০১১.৩১ (৩৩).৭৭-১৫৩৭, তারিখঃ ১০ নভেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আন্তঃমন্ত্রণালয় সভা আহবানের পূর্বে বর্ণিত বিষয়ে ধরণা স্পষ্টিকরণের লক্ষ্যে নিম্নলিখিত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(ক) ১৯৬৮ সনে সাবেক নারায়ণগঞ্জ পৌরসভা কর্তৃক ৭(সাত)টি ফেরিঘাট BIWTA এর নিকট হস্তান্তর সংক্রান্ত চুক্তিপত্র;

(খ) BIWTA এবং নারায়ণগঞ্জ পৌরসভার মধ্যে ফেরিঘাট সংক্রান্ত জটিলতা নিরসনকল্পে স্থানীয় সরকার বিভাগে ০৬/০৫/২০১০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী; এবং

(গ) BIWTA কর্তৃক ০৭(সাত)টি ফেরীঘাট হতে ১৯৬৪-৬৫, ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ সনের তথা ০৩(তিন) বৎসরের নিলাম ডাকের গড় আয়ের ৫০% অর্থাৎ ৪৩,৪৬৬/- টাকা হারে ২০০৬-২০০৭ অর্থবছর পর্যন্ত নারায়ণগঞ্জ পৌরসভাকে ক্ষতিপূরণ হিসাবে অর্থ প্রদানের প্রমাণক।

১৪/৩/২৩

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
উপসচিব
ফোন: ৫৫১০০৪০৯
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।